

আই আই টি থেকে এক ধাপ এগিয়ে দাবি রাখল শিবপুর বিশ্ববিদ্যালয়

নিজস্ব প্রতিনিধি, হাওড়া: শিবপুর বিশ্ববিদ্যালয়কে জাতীয় মানে উন্নীত করার ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়ার জন্য শুক্রবার কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের এক প্রতিনিধি দল ওই প্রতিষ্ঠান পরিদর্শন করে। বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ডঃ ইন্দ্রনাথ সিংহ জানান, বিভিন্ন বিভাগ এবং ছাত্রদের পক্ষ থেকে সরাসরি 'আই আই টি মর্যাদা' দাবি করা হয়। কিন্তু উপাচার্য বা কর্তৃপক্ষের তরফে সরাসরি এমন কোনও দাবি জানানো হয়নি। বরং কর্তৃপক্ষ এই বিশ্ববিদ্যালয়কে আই আই টি-র থেকে এক ধাপ এগিয়েই কেন্দ্রীয় সরকারের অধীন জাতীয় মানের একটি উচ্চশিক্ষা প্রতিষ্ঠানে উন্নীত করার দাবি জানিয়েছে।

কিছু আই আই টি এখনও কিছু আধুনিক গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে পড়ায় না ও গবেষণা করে না। শিবপুর বিশ্ববিদ্যালয় তার পুরানো ও নিজস্ব বিষয়ের পাশাপাশি সে সব বিষয়ও অন্তর্ভুক্ত করার দাবি জানিয়েছে। যেমন— ন্যানো সায়েন্স, বায়ো টেকনোলজি, মেটেরিয়াল সায়েন্স, কেমিক্যাল সায়েন্স ও ইঞ্জিনিয়ারিং ইত্যাদি। উন্নীত প্রতিষ্ঠান আই আই টি বা অন্য কী নামে চিহ্নিত হবে তার ভার কর্তৃপক্ষ কেন্দ্রীয় মানব সম্পদ উন্নয়ন মন্ত্রকের ওপরেই ছেড়ে দিয়েছে। এমনকী এই প্রতিষ্ঠানের ওপর রাজ্যের কী ধরনের নিয়ন্ত্রণ থাকবে কর্তৃপক্ষ সে বিতর্কে জড়াতেও নারাজ।